গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ভূমি ভবন
তেজগাঁও, ঢাকা-১২০৮।
web: www.dlrs.gov.bd

স্মারক নং ৩১.০৩.০০০০.০০২.১১.০০২.২৬-২২৫

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ আগষ্ট ২০২৬ খ্রিস্টাব্দ

## নিয়োগ পত্র

"ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আওতাধীন জোনাল সেটেলমেন্ট ও উপজেলা সেটেলমেন্ট অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৩" অনুযায়ী রাজস্ব খাতভুক্ত “পেশকার” পদে ১৬ তম গ্রেডে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী (৯৩০০-২২৪৯০/- টাকা বেতনস্কেলে) নিম্নোক্ত কর্মচারীগণকে উল্লেখিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নং | প্রার্থীর রোল নম্বর | নাম, পিতা/স্বামী ও মাতার নাম | স্থায়ী ঠিকানা ও মোবাইল নম্বর | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | ১৯১৩১০৪২ | নাম: মোঃ আতিকুর রহমান<br>পিতা: মোঃ লুৎফর রহমান<br>মাতা: আসমা রহমান | গ্রাম- খোলাডাঙ্গা<br>ডাকঘর- ভেকুটিয়া<br>থানা- কোতোয়ালী<br>জেলা- যশোর<br>মোবাইল- ০১৯৮৬-৯০১০৮৫ | গ্রাম- খোলাডাঙ্গা<br>ডাকঘর- ভেকুটিয়া<br>থানা- কোতোয়ালী<br>জেলা- যশোর |
| ২ | ১৯০৬৫৯২৭ | নাম: আবু ছাদেক মোহাম্মদ ফয়সাল<br>পিতা: জাফর আলম<br>মাতা: কহিনুর বেগম | গ্রাম- ইছুর বাপের পাড়া<br>ডাকঘর- ঢেমুশিয়া-৪৭৪০<br>উপজেলা- চকরিয়া<br>জেলা- কক্সবাজার<br>মোবাইল: ০১৮৩৩-২৮৩২১৩ | শামছুল আলম বিল্ডিং,<br>সোহানী টাওয়ার,<br>মোহাম্মদপুর, ১ নং<br>রেলগেইট, মুরাদপুর,<br>পাঁচলাইশ, চট্টগ্রাম |
| ৩ | ১৯০১৮৬৮৮ | নাম: মোঃ আমিরুল ইসলাম<br>পিতা: মোঃ বজলুর রহমান<br>মাতা: মোছাঃ জাহেদা খাতুন | গ্রাম- বিয়ারা,<br>ডাকঘর- গাংগাইল<br>উপজেলা- নান্দাইল<br>জেলা- ময়মনসিংহ<br>মোবাইল: ০১৬১২-৮০১৬০৪ | গ্রাম- বিয়ারা<br>ডাকঘর- গাংগাইল<br>উপজেলা- নান্দাইল<br>জেলা- ময়মনসিংহ |

**নিয়োগের শর্তাবলি :**

(ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(খ) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি যে কোন সময় অসত্য প্রমাণিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে।

(গ) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।

(ঘ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান ঘটাতে পারবেন।

(ঙ) নিয়োগপত্রে উল্লেখিত বেতনস্কেল সরকারের আদেশে যে কোন সময় পরিবর্তিত হতে পারে এবং নিয়োগকৃত পদের পুনর্বিন্যাস ও নতুন নামকরণ করা যাবে।

(চ) অন্য দপ্তর বা সংস্থায় কর্মরত প্রার্থীকে কাজে যোগদানের সময় পূর্ববর্তী দপ্তর/সংস্থার ছাড়পত্র অবশ্যই দাখিল করতে হবে, নতুবা যোগদানপত্র গ্রহণ করা হবে না। এছাড়া যোগদানের সময় নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র এবং অনলাইন আবেদনের রঙিন কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদ, ১ম শ্রেণির (গেজেটেড) কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ছ) নিয়োগপ্রাপ্ত কর্মচারী আইন বিরোধী এবং রাষ্ট্রবিরোধী কোনো কর্মকান্ডে লিপ্ত হবেন না মর্মে যোগদানের সময় লিখিত ঘোষণাপত্র প্রদান করবেন।

(জ) নিয়োগপ্রাপ্ত কর্মচারী তাঁর নিজের জন্য ও পরিবারের অন্যান্য সদস্যদের জন্য যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না মর্মে ঘোষণাপত্র প্রদান করবেন।

(ঝ) নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তীতে নির্ধারিত মেয়াদের জন্য প্রশিক্ষণ গ্রহণ করবেন।

(ঞ) নিয়োগপ্রাপ্ত কর্মচারীকে যোগদানের পর সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করে দায়িত্ব পালন করতে হবে।

(ট) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় (খরচে) শারীরিক যোগ্যতা সম্পর্কে স্ব-স্ব জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র ও "ডোপ টেস্ট" সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও ডোপ টেস্ট প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

(ঠ) চাকুরী হতে ইস্তফা দিতে হলে যে তারিখ হতে ইস্তফা দিবেন সেই তারিখের ০১ (এক) মাস পূর্বে লিখিতভাবে জানাতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের সমপরিমাণ টাকা সরকারি খাতে জমা দিতে হবে।

(ড) চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে এবং নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নির্ধারিত হবে।

(ঢ) শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি যোগদানের সময় দেখাতে হবে এবং সদ্য তোলা সত্যায়িত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি যোগদানপত্রের সাথে জমা দিতে হবে।

(ণ) চাকরিতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না ।

০২। উপরিউক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৩/০৮/২০২৬ খ্রি. তারিখ মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। তাঁর বেতন ভাতাদি বাবদ যাবতীয় ব্যয় প্রধান কার্যালয়, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আওতাধীন ১৪৬০৮০৩-০০০০০০ জোনাল সেটেলমেন্ট/ ১৪৬০৮০৪-০০০০০০ উপজেলা সেটেলমেন্ট অফিস সমূহের অধীন বেতন ভাতাদি খাত হতে নির্বাহ করা হবে।

মোঃ আবুল হাছানাত হুমায়ুন কবির
মহাপরিচালক
ফোনঃ ৪১০২৪৬০১
e-mail: dgdlrs@gmail.com

স্মারক নং ৩১.০৩.০০০০.০০২.১১.০০২.২৬-২২৫/১(১৮)

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ আগষ্ট ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/ভূমি রেকর্ড/জরিপ), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৪. উপপরিচালক (অর্থ ও বাজেট/জরিপ/সে. অপা.-১/২), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৫. চার্জঅফিসার, বাউ: ১/২ , ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ভবন (৬ষ্ঠ তলা), ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৭. জনাব ...................................................................
৮. সংস্থাপন-১ শাখা/সংস্থাপন-২ শাখা/হিসাব ও বাজেট শাখা, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৯. অফিস কপি/মাস্টার কপি।

মো: লিয়াকত আলী
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ৪১০২৪৬১২
ই-মেইল : dda@dlrs.gov.bd